ISO 9001:2015 Certified

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৫. ২২৭৫

তারিখঃ ২৫ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে, ২০২৫ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

ঠাকুরগাঁও পবিসের নির্ধারিত সিডিউল অনুযায়ী নিম্নোক্ত মালামাল সমূহ সরবরাহের লক্ষ্যে বাংলাদেশী আগ্রহী বিক্রেতা/ প্রতিষ্ঠান /ঠিকাদারী /এজেন্সী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীর আলোকে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
|---|---|---|---|---|---|---|
| দরপত্র প্যাকেজ নংঃ | ক্রয়তব্য মালামালের বিবরণ | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | | দরপত্র দলিলের মূল্য (টাকা) (অফেরতযোগ্য) | দরপত্র জামানত (টাকা) |
| | | | গ্রহণ | খোলা | | |
| G.24-25.026.2 | অফিস ফার্নিচার সরবরাহ | ১২/০৫/২০২৫খ্রিঃ হতে ২৪/০৫/২০২৫খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৫/০৫/২০২৫খ্রিঃ রবিবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত। | ২৫/০৫/২০২৫খ্রিঃ রবিবার বেলা ১১:৩৫ ঘটিকা। | ১০০০/- | ২৭,০০০/- |

**শর্তাবলী:**

০১। দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট http:/pbs.thakurgaon.gov.bd থেকে ডাউনলোড করে বিস্তারিত জানা যাবে । এছাড়াও আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নোক্ত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ "ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রতিটি দরপত্রের বিপরীতে উপরে বর্ণিত ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে সরবরাহকারী/প্রস্তুতকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ঠাকুরগাঁও পবিসের সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ঠাকুরগাঁও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। প্রতিটি দরপত্রের সাথে ঠাকুরগাঁও পবিসের অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ছকে উল্লেখিত টাকার পরিমাণ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। এছাড়াও দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে (বিস্তারিত দরপত্র দলিলে রয়েছে)।

০৫। দাখিলকৃত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য ১ম সর্বনিম্ন রেসপনসিভ দরদাতার অনুকুলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে মালামাল সংগ্রহ করা হবে। কার্যাদেশ প্রদানের সময় পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিআর-২০০৮) অনুযায়ী মালামালের পরিমাণ কম/বেশি হতে পারে।

০৬। প্রাপ্ত দরপত্র সমুহ বর্ণিত সময়সীমা অনুযায়ী ঠাকুরগাঁও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।

০৭। সন্তোষজনক মালামল গ্রহনের পর দাখিকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেক BEFTN/RTGS এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে। BEFTN/RTGS এর মাধ্যমে বিল প্রাপ্তির জন্য দরদাতা প্রতিষ্ঠানকে ব্যাংক হিসাব নং এবং রাউটিং নং সহ আবেদন করতে হবে।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY
ISO 9001:2015 Certified
সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs


০৮। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭দিন পূর্বে ঠাকুরগাঁও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এ লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যদিবস সমুহে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয়, তবে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবহিকভাবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে।

১০। ঠাকুরগাঁও পবিস কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)- সদয় অবগতির জন্য।
০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ পরিদপ্তর (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
০৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। পুলিশ সুপার, ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, নীলফামারী।
০৯। ডিজিএম (কারিগরী/পীরগঞ্জ/পঞ্চগড়/বালিয়াডাঙ্গী/রুহিয়া/দেবীগঞ্জ) জোনাল অফিস, ঠাকুরগাঁও পবিস।
১০। এজিএম, বোদা/আটোয়ারী/হরিপুর সাব-জোনাল অফিস, ঠাকুরগাঁও পবিস।
১১। এজিএম (প্রশাসন/ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ-হিসাব/আইটি), ঠাকুরগাঁও পবিস।
১২। নোটিশ বোর্ড.....................................ঠাপবিস।
১৩। অফিস/মাষ্টার কপি।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার

D:\কৃষ্ণ\নতুন দরপত্র\দরপত্র বিজ্ঞপ্তি.docx